# বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজের কনডেমনেশন কমিটির বৈঠকের কার্যবিবরণীঃ

সভাপতি : মোহাম্মদ এনামুল হক
জেলা প্রশাসক, জামালপুর।

সভারতারিখ : ১৩/১২/২০২০ খ্রি.

সভারসময় : বিকাল-০৩.০০ ঘটিকা

স্থান : সভাকক্ষ জেলা প্রশাসক এর কার্যালয়, জামালপুর।

সভানং- : ০৩

অদ্য১৩/১২/২০২০ খ্রি.তারিখ রোজ রবিবার বিকাল ৩.০০ ঘটিকার সময় বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজের অব্যবহৃত আধা-পাকা টিনশেড ভবন সমূহ নিলামে বিক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য স্থানীয় কনডেমনেশন কমিটির ৩য় সভা জেলা প্রশাসক মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জামালপুর এর জেলা প্রশাসক জনাব মোহাম্মদ এনামুল হক।

সভায় নিম্ন রূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| আলোচ্য বিষয় | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজ, জামালপুর এর অকেজো আধা-পাকা টিনশেড (দুইটি) ঘর নিলাম ডাকে বিক্রি প্রসঙ্গে। | ১। সভায় পূর্ববর্তী ২১/১০/২০২০ খ্রি. তারিখের সভার কার্য বিবরণী পাঠ।<br>২। আধা-পাকা ভবন অকেজো ঘোষণার বিষয়ে মাউশির প্রকাশিত অফিস আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত আলোচনা।<br>৩। নিলাম ডাকের প্রচার সংক্রান্ত আলোচনা।<br>৪। নিলাম অনুষ্ঠানের তারিখ নির্ধারণ সংক্রান্ত।<br>৫। নিলাম ডাকের স্থান নির্ধারণ সংক্রান্ত।<br>৬। নিলাম ডাকের দায়িত্ব অর্পণ সংক্রান্ত। | সিদ্ধান্ত নং-০১: সভায় পূর্ববর্তী ২১/১০/২০২০ খ্রি. তারিখের সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয় এবং উহা অনুমোদন দেয়া হয়।<br>সিদ্ধান্ত নং-০২: শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্রের আলোকে নিলামডাকের সকল কার্যক্রম সম্পন্নের জন্য সর্ব সম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সিদ্ধান্ত নং-০৩: অকেজো ভবন নিলামে বিক্রির, শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্রের ৬. (ক) নং কলামের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, জেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর অফিস ও জেলা প্রশাসকের ওয়েবসাইটে প্রকাশ সহ সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার, বকশীগঞ্জ, জামালপুর এর কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সিদ্ধান্ত নং-০৪: ২২/১২/২০২০ খ্রি. তারিখে নিলাম ডাক অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সিদ্ধান্ত নং-০৫: নিলাম ডাক অনুষ্ঠানের স্থান, উপজেলা নির্বাহী অফিসার, বকশীগঞ্জ, জামালপুর এর কার্যালয়ে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সিদ্ধান্ত নং-০৬: নিলামডাক, কার্যক্রম সম্পন্নের দায়িত্ব পালনের জন্য বকশীগঞ্জের উপজেলা নির্বাহী অফিসার জনাব মুনমুন জাহান লিজা কে অনুরোধ করা হয়। | অধ্যক্ষ<br>বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজ, জামালপুর। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সভাপতি
কনডেমনেশনকমিটি
ও
জেলাপ্রশাসক, জামালপুর

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষাঅধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, জামালপুর।
৪। উপজেলা নির্বাহীঅফিসার, বকশীগঞ্জ, জামালপুর।
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বকশীগঞ্জ, জামালপুর।
৬। অফিস নথি।

১৩/১২/২০২০
সদস্যসচিব
কনডেমনেশনকমিটি
ও
অধ্যক্ষ
বকশীগঞ্জসরকারিকিয়ামতউল্লাহকলেজ

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজ, জামালপুর
EIIN: 109725
website: www.bkuc.edu.bd
Email: bakshiganjkuc@ymail.com
টেলিফোন: ০৯৮২২-৫৬০০৬

তারিখ-১৩.১২.২০২০ খ্রি.

স্মারক নং-

# নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ সরকারি কলেজ, জামালপুর ক্যাম্পাসের পরিত্যক্ত অকেজো দুইটি আধা-পাকা টিনশেড ঘরনিলামে বিক্রয় সংক্রান্ত শিক্ষা মন্ত্রনালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২ তারিখ: ০৮.১২.২০১৪ খ্রি. জারিকৃত পরিপত্র মোতাবেক গঠিত কমিটির ১৩/১২/২০২০ খ্রি.তারিখে জেলা প্রশাসক কার্যালয়, জামালপুর এ অকেজো ভবন নিলামে বিক্রি সংক্রান্ত ৩ নং সভার সিদ্ধান্ত মোতাবেক বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজ, জামালপুর ক্যাম্পাসের অকেজো আধা-পাকা (দুইটি) টিনশেড ঘরপ্রকাশ্যে ডাকে নিলামে বিক্রয় হবে।

**আগামী ২২/১২/২০২০ইং তারিখ বেলা ১২.০০টার সময় উপজেলা নির্বাহী অফিসার,বকশীগঞ্জ, জামালপুর-এর কার্যালয়ে প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠিত হবে।**

উক্ত নিলাম ডাকে প্রত্যেক ডাককারীকে প্রত্যেক নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে ডাককারীকে ১০,০০০/- (দশ হাজার) টাকা জামানত হিসাবে (ফেরতযোগ্য) ডাক পরিচালনাকারী কর্তৃপক্ষের নিকট ঠিকাদারী লাইসেন্স এর কপি সহ নগদ জমা দিতে হবে। নিলাম ডাক গৃহীত হওয়ার সাথে সাথেই সর্বোচ্চ নিলাম ডাককারীকে ডাকের সাকুল্য টাকা এবং সরকার কর্তৃক নির্ধারিত ৫% আয়কর ও ১৫% হারে ভ্যাটের সমোদয় টাকা ডিডি/ পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।

কর্তৃপক্ষ যে কোন কারণ দশানো ব্যতিরেকে নিলাম ডাক বাতিল কিংবা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং কর্তৃপক্ষ সর্বোচ্চ দরদাতাকে ডাক প্রদান করতেও বাধ্য নহে।

১৩/১২/২০২০
প্রফেসর মোহাম্মাদ নূরুল ইসলাম আব্দুল্লাহ
অধ্যক্ষ
বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজ ও
সদস্য সচিব
নিলামে বিক্রয় কনডেমনেশন কমিটি
বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজ
বকশীগঞ্জ, জামালপুর।

অনুলিপিঃ
১। জেলা প্রশাসক, জামালপুর।
২ অধ্যক্ষ, বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজ, জামালপুর, সদস্য সচিব/সদস্য,নিলাম কমিটি, বকশীগঞ্জ, জামালপুর।
৩। বকশীগঞ্জ উপজেলা নিবার্হী অফিসার বকশীগঞ্জ, জামালপুর।
৪। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, জামালপুর।
৪। সংশ্লিষ্ট নথি।

Scanned with CamScanner